

## **AKASHVANI (Kolkata)**

### **Regional News Unit**

**Date : 27.03.2025**

**Desk in Charge : SDG**

**Time : 7-35 AM**

**Compiling:- S. Biswas**

**DEO : KB**

**NR : PPM**

**Opening Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) রাজ্য সরকার, পলি ও মাটি বিক্রি করার অধিকারের বিনিময়ে বেসরকারি সংস্থাকে দিয়ে নদী ও খাল সংস্কারের সিদ্ধান্ত নিয়েছে।
- ২) জলাতক্ষের টিকা অপ্রতুল হওয়ায় স্বাস্থ্য দপ্তর গ্রামীণ হাসপাতালগুলিকে জরুরি ভিত্তিতে ভ্যাকসিন সংগ্রহের অনুমতি দিয়েছে।
- ৩) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ অক্সফোর্ডের কেলগ কলেজে নারী ক্ষমতায়ন নিয়ে বক্তব্য রাখবেন।
- ৪) প্রধানমন্ত্রী আগামী ৩০ শে মার্চ মাসিক বেতার অনুষ্ঠান ‘মন কি বাতে’ দেশ-বিদেশের মানুষের সঙ্গে নিজের চিন্তাভাবনা ভাগ করে নেবেন।
- ৫) পূর্ব রেল, মহিলা যাত্রীদের সুবিধার্থে শিয়ালদহ সেকশনের লোকাল ট্রেনে মহিলা সংরক্ষিত কামরা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।
- ৬) গুয়াহাটিতে গতকাল IPL-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়ালসকে ৮ উইকেটে হারিয়েছে।

\*\*\*\*\*

আসন্ন বর্ষার মরশুমে বন্যা জনিত ক্ষয় ক্ষতি কমিয়ে আনতে রাজ্যের সেচ দফতর নদী ও খাল খননের জন্য একটি নতুন সাশ্রয়ী মডেল গ্রহণ করেছে। এই মডেলের মাধ্যমে সরকারি কোষাগার থেকে কোনো অর্থ বরাদ্দ না করেই দরপত্র দেকে বেসরকারি সংস্থাকে বুজে যাওয়া নদী ও খাল সংস্কারের দায়িত্ব দেওয়া হবে। বিনিময়ে সংশ্লিষ্ট সংস্থা, ড্রেজিং করে তোলা পলি ও মাটি বিক্রি করার অধিকার পাবে। সেচ মন্ত্রী মানস ভুঁইয়া, সেচ সচিব মনীশ জৈন এবং পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন কর্পোরেশন লিমিটেডের এমডি পি. মোহন গান্ধী গতকাল সব জেলার জেলাশাসকদের সঙ্গে এই নতুন পরিকল্পনা নিয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেন। বৈঠকের পর সেচ মন্ত্রী বলেন, মুখ্যমন্ত্রীর পরামর্শে, এই মডেলটি চূড়ান্ত করা হয়েছে। তিনি জানান, বিভিন্ন জেলার ১৮০ কিলোমিটার জুড়ে বিস্তৃত ২৮টি খাল ইতিমধ্যেই চিহ্নিত করা হয়েছে যেগুলি খননের ফলে ওঠা বালি ও পলিমাটি বিক্রি করে ১১২ কোটি টাকা রাজস্ব আদায় হবে বলে আশা করা হচ্ছে।

\*\*\*\*\*

জেলার বিভিন্ন গ্রামীণ হাসপাতালগুলিতে জলাতক্রে টিকা শেষ হয়ে যাওয়ায়, রাজ্য স্বাস্থ্য বিভাগ জরুরি ভিত্তিতে ভ্যাকসিন সংগ্রহের অনুমতি দিয়েছে। বেলেঘাটা আইডি হাসপাতালের ওপর ক্রমবর্ধমান চাপ কমাতে এই সিদ্ধান্ত বলে জানা গেছে। স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে, জলাতক্রে টিকার মজুদ ভান্ডার শেষ হয়ে যাওয়ায় বেশ কয়েকটি জেলার গ্রামীণ হাসপাতাল রোগীদের বেলিয়াঘাটা আইডি হাসপাতালে রেফার করছিল। ফলস্বরূপ, দূর-দূরান্ত থেকে রোগীরা দীর্ঘ লাইন দিয়ে অপেক্ষা করতে বাধ্য হচ্ছিলেন। এদিকে জেলার কিছু মেডিকেল কলেজেও জলাতক্র টিকার মজুদ ভান্ডার তলানীতে ঠেকেছে বলে জানা গেছে। উত্তর ২৪ পরগনার হাবড়া, অশোকনগর, মধ্যমগ্রাম বা দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং, ভাঙড়ের বেশ কয়েকটি হাসপাতালে জলাতক্র টিকার মজুদ শেষ হয়ে গেছে। তাই, এইসব এলাকা থেকে থেকে মানুষ জলাতক্রে টিকা নিতে শহরে আসছেন। এই ধরনের ক্ষেত্রে সাধারণত একজন রোগীকে চারটি ডোজ দেওয়া হয়। উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া সহ বেশ কয়েকটি জেলার রোগীরা অভিযোগ করেছেন যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে তাদের মজুদ শেষ

হয়ে যাওয়ায় তারা একটি ডোজ পেয়েছেন, আবার কেউ কেউ চারটির মধ্যে দুটি ডোজ পেয়েছেন।

\*\*\*\*\*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ অক্সফোর্ডের কেলগ কলেজে নারী ক্ষমতায়ন নিয়ে বক্তব্য রাখবেন। স্থানীয় সময় দুপুর ১২ টা নাগাদ তাঁর অক্সফোর্ডে আসার কথা। এবারের ব্রিটেন সফরে এটাই তাঁর প্রধান কর্মসূচি। মুখ্যমন্ত্রীর সফরসঙ্গী বিশিষ্ট শিল্পপতিরা এবং রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্ত, শিল্পসচিব বন্দনা যাদব এই বক্তৃতাসভায় উপস্থিত থাকবেন। মুখ্যমন্ত্রীর বক্তৃতা ঘিরে ইতোমধ্যে প্রবল আগ্রহ দেখা দিয়েছে। আসন পরিপূর্ণ হওয়ায় পাশে দুটি হলে জায়ান্ট স্ক্রিনে এই বক্তৃতা সম্প্রচার করা হবে।

\*\*\*\*\*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর লভন সফরকে কটাক্ষ করেছেন, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। বহরমপুরে গতকাল এক সাংবাদিক সম্মেলনে রাজ্যে মহিলাদের ওপর নির্যাতনের কথা উল্লেখ করে অধীরবাবু বলেন, মুখ্যমন্ত্রী লভনে গিয়ে রাজ্যের নারীদের জন্য কাজের খতিয়ান তুলে ধরছেন, অথচ নারীরাই এরাজ্য নির্যাতিত।

( বাইট- অধীর)

\*\*\*\*\*

ভুয়ো ভোটার কার্ড নিয়ে চলতি বিতর্কের প্রেক্ষিতে ভোটার কার্ড সংশোধন সহ নানা বিষয় নিয়ে আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর বৈঠকে বসছে। আগামীকাল রাজ্যের আটটি স্বীকৃত রাজনৈতিক দলকে ওই সর্বদলীয় বৈঠকে ডাকা হয়েছে। একই এপিক নম্বরে একাধিক ভোটার কার্ড থাকা নিয়ে সাম্প্রতিক বিভিন্ন বিতর্ক নিরসনের পথ খুঁজতেই এই বৈঠক ডাকা হয়েছে বলে মনে করা হচ্ছে।

\*\*\*\*\*

রাজ্য সরকার ভুয়ো জাতিগত শংসাপত্র নিয়ে কঠোর অবস্থান নিচ্ছে। এই সংক্রান্ত অভিযোগে দুই অফিসারের বিরুদ্ধেও বিভাগীয় তদন্ত শুরু হয়েছে। অনগ্রসর শ্রেণী কল্যাণ ও উপজাতি উন্নয়ন দফতর ইতমধ্যেই ইনস্পেক্টর র্যাক্সের দুই অফিসারকে ‘শোকজ’ করেছে। জাল কাস্ট সার্টিফিকেট তৈরি করার পিছনে যোগ থাকার প্রমাণ

মেলায় খড়াপুর ও ব্যারাকপুরের ওই দুই আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ করা হয়েছে বলেও জানা গেছে। অভিযুক্ত দুই আধিকারিকের বক্তব্য জানার পর সেই বক্তব্যের সত্যতা খতিয়ে দেখা হবে। সন্তোষজনক ব্যাখ্যা না মিললে তাদের বিরুদ্ধে শাস্তি মূলক পদক্ষেপ করা হবে বলে জানানো হয়েছে।

\*\*\*\*\*

রাজ্য সরকার সম্পূর্ণ অবৈধভাবে OBC তালিকা নিয়ে সমীক্ষা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, ২০১১ সালের আগে বামফ্রন্ট সরকার তোষণের রাজনীতি করার জন্য ধাপে ধাপে বিভিন্ন সংখ্যালঘু জনগোষ্ঠীকে ওবিসি-র তালিকার অন্তর্ভুক্ত করেছে। তৃণমূল কংগ্রেস সরকার ১১৩টি জনগোষ্ঠীকে OBC তালিকাভুক্ত করেছে। এর মধ্যে মাত্র চারটি হিন্দু জনগোষ্ঠী বাকি ১০৯-টি মুসলিম সম্প্রদায়ের।

(বাইট - শুভেন্দু)

\*\*\*\*\*

উচ্চ আদালতের অনুমতি অনুসারে আজ দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে জনসভা করবেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গত ১৯ শে মার্চ তিনি বারুইপুর এসপি অফিসের সামনে পথসভা করতে গিয়েছিলেন। স্থানীয় তৃণমূল কংগ্রেসের সদস্যরা সেদিন তাঁর গাড়ি ঘিরে কালো পতাকা দেখায়। সেদিনই শুভেন্দুবাবু ২৭ শে মার্চ সভা করার কথা ঘোষণা করেন। প্রশাসন অবশ্য সে অনুমতি দেয়নি। পরে কলকাতা হাইকোর্টের আদেশ মোতাবেক তিনি আজ শর্তসাপেক্ষে সভা করার অনুমতি পান।

\*\*\*\*\*

দুর্নীতি করে চাকরি পাওয়ার অভিযোগে এক শিক্ষকের চাকরি বাতিল করল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। শেখ সিরাজুল নামে তৃণমূল কংগ্রেসের ওই শিক্ষক নেতা নিয়োগ দুর্নীতিতে যুক্ত বলে এক আইনজীবী হাইকোর্টে দ্বারাস্ত হন। বিচারপতি রাজশেখের মাস্তার ডিভিশন বেঞ্চ মামলাটি শোনার পর পর্যবেক্ষণে জানায়,

ওই ব্যক্তি দুর্নীতি করে শিক্ষকতার চাকরি পেয়েছেন। অবিলম্বে তাঁকে বরখাস্ত করারও নির্দেশ দিয়েছেন তিনি।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ৩০শে মার্চ তাঁর প্রতি মাসের বেতার অনুষ্ঠান মন কি বাতের ১২০ তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এই অনুষ্ঠানের বিষয়ে জনসাধারণ আগামী ২৮ তারিখের মধ্যে নিঃশেষ নম্বর ১৮০০-১১-৭৮০০তে ডায়াল করে তাঁদের মতামত জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামেও এই মতামত জানানো যাবে। এই অনুষ্ঠান আকাশবাণীর সব কটি প্রচার তরঙ্গ, দূরদর্শনের সব চ্যানেল, AIR News website, NewsOnAir mobile app-এ সম্প্রচারিত হবে। আকাশবাণী সংবাদ, দূরদর্শন সংবাদ প্রধানমন্ত্রীর দণ্ডের এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের YouTube channel-এও মন কি বাতের লাইভ স্ট্রিমিং হবে। মূল অনুষ্ঠানটির ঠিক পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা সম্প্রচারিত হবে।

\*\*\*\*\*

এবারের স্পটলাইটের আলোচনার বিষয়ঃ- ‘প্রধানমন্ত্রীর মরিশাস সফর ও ভারতের বিদেশ নীতি’। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ অনিন্দ্য জ্যোতি মজুমদারের সঙ্গে কথা বলেছেন সুস্থিতা মন্ডল।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির প্রথম পর্ব শোনা যাবে আজ রাত সাড়ে ৮টায় সপ্তাহিতা প্রচার তরঙ্গে। দ্বিতীয় পর্বটি শোনা যাবে আগামী রবিবার।

\*\*\*\*\*

মহিলা যাত্রীদের ক্রমবর্ধমান চাপ সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের শহরতলীতে চলাচলকারী EMU রেকে মহিলাদের জন্য সংরক্ষিত কোচের সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে। রেল সূত্রের খবর, বর্তমানে EMU লোকালের উভয় প্রান্তের দ্বিতীয় কোচটি মহিলাদের জন্য সংরক্ষিত রয়েছে। এর পাশাপাশি বর্তমানে 3 Phase EMU

লোকালের উভয় প্রান্তের তৃতীয় কোচের একটা অংশ মহিলাদের জন্য সংরক্ষিত রাখা হচ্ছে। অতিরিক্ত মহিলা কোচ চালু হলে মহিলারা আরও স্বচ্ছন্দে ও নিরাপদে যাতায়াত করতে পারবেন।

\*\*\*\*\*

খুনের চেষ্টার একটি মামলায় দোষী সাব্যস্ত হওয়া বর্ধমান উন্নয়ন সংস্থার চেয়ার পার্সন সহ ১৩জনের সাজা ঘোষণা গতকাল'ও হয়নি। সোমবার তাদের দোষী সাব্যস্ত করে আদালত। মঙ্গলবার সাজা ঘোষণা হওয়ার কথা থাকলেও, উন্নয়ন সংস্থার চেয়ারপার্সন সহ চারজন অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হওয়ায় সাজা ঘোষণা পিছিয়ে যায়।

আদালতের নির্দেশমতো গতকাল চেয়ার পার্সন ছাড়া বাকি ১২জনকে বিচারকের সামনে সশরীরে হাজির করানো হয়েছিল। চেয়ার পার্সনের বক্তব্য শোনার জন্য হাসপাতালে ভিডিও কনফারেন্সের ব্যবস্থা'ও করা হয়।

আজ তাদের সাজা ঘোষণার কথা থাকলেও, বর্ধমান আদালতের এক প্রবীণ আইনজীবীর মৃত্যু হওয়ায়, আদালতের কাজকর্ম আজ না'ও হতে পারে।

\*\*\*\*\*

গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামে গতকাল রাতে IPL-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালসকে ৮ উইকেটে হারিয়ে এবারের প্রথম জয় পেয়েছে। টসে জিতে নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালসকে ব্যাট করতে পাঠায়। রাজস্থান নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেটে ১৫১ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে KKR, ২ উইকেট হারিয়ে ১৭ ওভার ৩ বলে লক্ষ্যে পৌঁছে যায়।

IPL এ আজকের ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদ খেলবে লখনউ সুপার কিংস-এর বিরুদ্ধে। হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

\*\*\*\*\*